

নম্বর: ৩০.৩২.০০০০.০২১..১৮.০১৩.২০২৩/৩৩২

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

বাংলাদেশ পর্যটন করপোরেশনে বর্তমানে কর্মরত যে সকল কর্মকর্তা/কর্মচারীর সার্ভিস বুক্রে ত্রুটি-বিচ্যুতি অথবা কাটাকাটি/ঘষামাজা রয়েছে সেগুলো সংশোধনের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

(১)	পরিচালক (প্রশাসন ও অর্থ), বাপক, ঢাকা	-	আহবায়ক
(২)	মহাব্যবস্থাপক (প্রশাসন), বাপক, ঢাকা	-	সদস্য
(৩)	ব্যবস্থাপক (বাণিজ্যিক), বাপক, ঢাকা	-	সদস্য
(৪)	ব্যবস্থাপক (নিরীক্ষা), বাপক, ঢাকা	-	সদস্য
(৫)	ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বাপক, ঢাকা	-	সদস্য
(৬)	উপব্যবস্থাপক (প্রশাসন), বাপক, ঢাকা	-	সদস্য
(৭)	উপব্যবস্থাপক (পেনশন), বাপক, ঢাকা	-	সদস্য সচিব

- ২। কমিটির কর্মপরিধি: (ক) বাংলাদেশ পর্যটন করপোরেশনে বর্তমানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সার্ভিস বুক্রে উল্লিখিত জন্ম তারিখের ত্রুটি-বিচ্যুতি অথবা কাটাকাটি/ঘষামাজা পরিলক্ষিত হলে তা চিহ্নিত করবেন;
- (খ) কর্মকর্তা/কর্মচারীগণের সার্ভিস বুক্রে উল্লিখিত জন্ম তারিখের অসংগতি/ত্রুটি-বিচ্যুতি/কাটা-ছেঁড়া/ঘষা মাজা চিহ্নিত হলে সে সকল কর্মকর্তা/কর্মচারীদের সার্ভিস বুক্রে জন্ম তারিখ প্রচলিত বিধি (এসএসসি সনদ, সর্বশেষ স্কুলের পাশের সনদ, জাতীয় পরিচয়পত্রে উল্লিখিত তারিখকে ভিত্তি ধরে) অনুসরণপূর্বক সংশোধনের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন করবেন;
- (গ) কমিটি প্রয়োজনে সংস্থার যে কোন কর্মকর্তাকে কো-অপট করতে পারবে;
- (ঘ) কমিটি দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন/সুপারিশমালা চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোহাম্মদ শওকত ওসমান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
২২/০৭/২০২৩

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৩০.৩২.০০০০.০২১..১৮.০১৩.২০২৩/৩৩২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাসন/অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা;
২. মহাব্যবস্থাপক, ----- (সকল), বাপক;
৩. অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, ঢাকা;
৪. জনাব----- (কমিটির সদস্যবৃন্দ), বাপক;
৫. ব্যবস্থাপক (আইসিটি), বাপক, ঢাকা- ওয়েবসাইটে প্রকাশের জন্য;
৬. ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক----- (সংশ্লিষ্ট), বাপক;
৭. চেয়ারম্যান এর একান্ত সচিব, বাপক, ঢাকা--চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য;
৮. অফিস কপি;


(মোহাম্মদ এহসানুল কবীর)
ব্যবস্থাপক (প্রশাসন)
০২.০৭.২০২৩